

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
সিটি কর্পোরেশন-১ শাখা

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং ৪৬.০০.০০০০.০৭০.০০৮.০৮৩.১২(অংশ-২)-৮৩৩

তারিখঃ ২৯ জ্যৈষ্ঠ ১৪২৫  
১২ জুন ২০১৮

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা  
স্থানীয় সরকার বিভাগ  
সিজিএ ভবন(৫ম তলা), ঢাকা।

বিষয়ঃ ২০১৭-১৮ অর্থ বছরের আরএডিপিতে 'সিটি কর্পোরেশনের জন্য উন্নয়ন সহায়তা' খাতের 'চলমান প্রকল্প বাস্তবায়ন' উপ-খাতে রক্ষিত অর্থ হতে ১.০০ (এক) কোটি টাকা অবমুক্তিকরণ।

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হইয়া অর্থ বিভাগের ৩০.০৮.২০০০ তারিখের সম/অবি/উঃ-১/বিবিধ-৪৬/৯৭/৪৬৯ নম্বর স্মারকের মাধ্যমে প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগকে প্রদত্ত ক্ষমতাবলে ২০১৭-২০১৮ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন বাজেটে সিটি কর্পোরেশনসমূহের জন্য বরাদ্দকৃত ৪০০.০০ কোটি (চারশত কোটি) টাকা হতে অনুমোদিত বিভাগে 'চলমান প্রকল্প বাস্তবায়ন' উপ-খাতে রক্ষিত অর্থ হতে গাজীপুর সিটি কর্পোরেশনের প্রস্তাবিত খাল খনন ও সংস্কার কাজ 'চলমান প্রকল্প বাস্তবায়ন' উপ-খাতে বরাদ্দকৃত ১.০০ (এক) কোটি টাকা দ্বারা শর্তে বর্ণিতরূপে বাস্তবায়নের জন্য ১.০০ (এক) কোটি টাকা অবমুক্তিতে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি:

- এই ব্যয় চলতি ২০১৭-২০১৮ অর্থ বৎসরের বার্ষিক উন্নয়ন বাজেটের মঞ্জুরি নং-৩৩, হিসাবের খাত ৫-৩৭০১-৭৪৬০-৭২৩১/৭৯৮১ সিটি কর্পোরেশনসমূহের জন্য খোক বরাদ্দ-মূলধন খাতে বরাদ্দকৃত ৪০০.০০ কোটি (চারশত কোটি) টাকা হতে মিটানো হবে।
- এই অর্থ ছাড় করণে অর্থ বিভাগের ০৮ মার্চ ২০১৮ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৩.২০১১-১০২ নম্বর স্মারকে নিম্নোক্ত শর্তে সম্মতি প্রদান করা হয়েছেঃ
  - প্রকল্পের প্রাক্কলন প্রস্তুত করে ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPR'২০০৮ অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে;
  - ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ডবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন;
  - ছাড়কৃত অর্থের অব্যয়িত অর্থ ৩০ জুন ২০১৮ তারিখের মধ্যে সরকারি কোষাগারে জমা দিতে হবে; এবং
  - নির্দিষ্ট উন্নয়ন প্রকল্প ব্যতীত অন্য কোন খাতে এই অর্থ কোন অবস্থাতেই ব্যয় করা যাবে না।
- সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/প্রধান নির্বাহী কর্মকর্তা মঞ্জুরিকৃত অর্থের আয়ন ও ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করবেন। তিনি এই অর্থ ব্যয়ে প্রচলিত নিয়মাচার ও আর্থিক বিধি বিধান পালন করবেন।

স্মারক নং স্মারক নং ৪৬.০০.০০০০.০৭০.০০৮.০৮৩.১২(অংশ-২).৮৩৩/১(৭)

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃষ্টি আকর্ষণ: উপসচিব (বাজেট-১১)]।
- সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ/ কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, ঢাকা বিভাগ, ঢাকা।
- প্রধান নির্বাহী কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
- উপ-প্রধান, পরিকল্পনা অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ।
- জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, গাজীপুর জেলা, গাজীপুর।
- প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হল)।

(মোঃ মাহমুদুল আলম)  
উপসচিব

ফোনঃ ৯৫৭৩৬২৫  
তারিখঃ ২৯ জ্যৈষ্ঠ ১৪২৫  
১২ জুন ২০১৮

(মোঃ মাহমুদুল আলম)  
উপসচিব